প্রাণি খাদ্যের পুষ্টি প্রিমিক্স

# প্রেগ কেয়ার ভেট

ক্রোমিয়াম, কোবাল্ট, কপার, আয়োডিন, আয়রন, ম্যাঙ্গানিজ, সেলেনিয়াম, জিংক এবং ফলিক অ্যাসিড

**শুধুমাত্র প্রাণি খাদ্যে ব্যবহারের জন্য**

**উপাদান**

প্রতি ১০ গ্রাম পাউডারে আছে ক্রোমিয়াম (প্রোপিওনেট হিসাবে) ৮ মি.গ্রা., কোবাল্ট (ক্লোরাইড হিসাবে) ২ মি.গ্রা., কপার (কিউপ্রিক সালফেট হিসাবে) ২০০ মি.গ্রা., আয়োডিন (পটাশিয়াম আয়োডাইড হিসাবে) ১২ মি.গ্রা., আয়রন (ফেরাস সালফেট হিসাবে) ৫০০ মি.গ্রা., ম্যাঙ্গানিজ (সালফেট হিসাবে) ৮০০ মি.গ্রা., সেলেনিয়াম (সোডিয়াম সেলেনাইট হিসাবে) ৩ মি.গ্রা., জিংক (সালফেট হিসাবে) ৮০০ মি.গ্রা., ফলিক অ্যাসিড ১.৫ মি.গ্রা.।

**বর্ণনা**

**ক্রোমিয়াম** ইনসুলিনের সংবেদনশীলতা বৃদ্ধি করে, যা কোষে অধিক গ্লুকোজ প্রবেশে সাহায্য করে এবং অধিক শক্তি উৎপন্ন করে।

**কোবাল্ট** রুমেনের অণুজীবের বৃদ্ধি ও ভিটামিন বি$_{১২}$ সংশ্লেষণ সহায়তা করে এবং আমিষ বিপাকে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**কপার** গর্ভাবস্থায় বাচ্চার বৃদ্ধি উন্নত করে।

**আয়োডিন** থাইরোক্সিন হরমোন উৎপাদনের সাথে জড়িত। এটি গর্ভস্থ বাচ্চার বৃদ্ধি ও বিকাশে ভূমিকা রাখে। এটি বাছুর দুর্বল হওয়া, স্টিলবার্থ ও নবজাতক বাচ্চার মৃত্যু প্রতিরোধে সহায়তা করে।

**আয়রন** বাছুরের বৃদ্ধি ও বিকাশে ভূমিকা রাখে।

**ম্যাঙ্গানিজ** গর্ভবতী গাভীর স্বাস্থ্য ও গর্ভস্থ বাচ্চার বৃদ্ধি সুরক্ষায় কাজ করে।

**সেলেনিয়াম** গর্ভফুল আটকে যাওয়া ও দুর্বল বাচ্চা ভূমিষ্ট হওয়া প্রতিরোধ করে।

**জিংক** বাছুরের বৃদ্ধি ও বিকাশে সহায়তা করে এবং গাভী ও বাছুরের প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে।

**ফলিক অ্যাসিড** গর্ভস্থ বাচ্চার ডিএনএ সংশ্লেষণ ও প্লাসেন্টা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**উপকারিতা**

- ট্রেস মিনারেল এবং ফলিক অ্যাসিডের প্রয়োজনীয়তা পূরণ করে
- গর্ভাবস্থায় সর্বোত্তম স্বাস্থ্য বজায় রাখে
- ক্ষুধা ও রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

**প্রয়োগমাত্রা ও প্রয়োগবিধি:**

**গোরু ও মহিষ:** গর্ভাবস্থায় খাদ্য/পানির মাধ্যমে প্রতিদিন ১০ গ্রাম করে খাওয়াতে হবে

**ভেড়া ও ছাগল:** গর্ভাবস্থায় খাদ্য/পানির মাধ্যমে প্রতিদিন ৫ গ্রাম করে খাওয়াতে হবে অথবা ভেটেরিনারি চিকিৎসক/পুষ্টিবিদের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

**পার্শ্ব প্রতিক্রিয়া**

সাধারণত নিরাপদ হিসাবে স্বীকৃত।

**প্রত্যাহার কাল**

মাংস ও দুধ: ০ (শূন্য) দিন।

**সংরক্ষণ**

৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহ**

১০০ গ্রাম ও ৫০০ গ্রাম স্যাশেট।


প্রস্তুতকারক:

**নাভানা ফার্মাসিউটিক্যালস্ পিএলসি.**

রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ


নাভানা ফার্মা

ভেটেরিনারি ডিভিশন